



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৪৮

আগামীকাল রাজশাহী আসবেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী

রাজশাহী; ২৮ পৌষ (১২ জানুয়ারি):

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি আগামীকাল একদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি সকাল ১০টায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

শুক্রবার (১৩ জানুয়ারি) তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজশাহী আগমন উপলক্ষ্যে রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটরিয়ামে আয়োজিত রাজশাহী জেলা ও মহানগর আওয়ামী লীগের নেতৃবৃন্দের সাথে রাজশাহী বিভাগের দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দের মতবিনিময় সভায় যোগদান করবেন।

এদিন বিকাল সোয়া ৫টায় তথ্য ও সম্প্রচারমন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশে রাজশাহী ছেড়ে যাবেন।

.....

তৌহিদ/সিকান্দার/রোকন/২০২৩/২০.০০ঘ.